দৈনিক খবর

68

তারিখ 03 SEP 1988
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭

# ঢাকা ও সিটি কলেজ ছাত্রদের মধ্যে সংঘর্ষ ঃ অর্ধশতাধিক আহত

।।স্টাফ রিপোর্টার।।

ঢাকা কলেজ ও সিটি কলেজের দু'দল ছাত্রের মধ্যে গতকাল শনিবার প্রায় দেড় ঘন্টা যাবৎ ব্যাপক সংঘর্ষ হয়েছে এবং সংঘর্ষকালে অর্ধশতাধিক আহত হয়েছে।

এদিকে বরিশালে ইসলামী ছাত্র শিবিরের সাথে বাইশদলীয় ছাত্র সংগঠনের সংঘর্ষে গতকাল আরো ১৩ জন আহত হয়েছে। বিক্ষুব্ধ ছাত্র–জনতা স্থানীয় ছাত্র শিবিরের অফিসে হামলা চালিয়েছে এবং পুলিশ ১৫ জনকে গ্রেফতারকরেছে।

ঢাকা কলেজ ও সিটি কলেজের দু'দল ছাত্রের মধ্যে ব্যাপক সংঘর্ষে গতকাল শনিবার প্রায় ৫০ জন আহত হয়েছে। আহতদের মধ্যে নিরীহ পথচারী এবং পুলিশও রয়েছে। পুলিশ বলেছে, ছাত্রদল আহূত শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘটকে কেন্দ্র করে দু'টি কলেজের প্রায় ৩ হাজার ছাত্র সংঘর্ষে লিপ্ত হয়। তবে আহতদের কারো অবস্থা মারাত্মক

শেষ পৃষ্ঠায় দেখুন

## ঢাকা ও সিটি কলেজ

প্রথম পৃষ্ঠার পর

নির্ভরযোগ্য সূত্র জানায়, সকাল ৯টায় ঢাকা কলেজের ১০/১২ জন ছাত্রদল কর্মী সিটি কলেজে যায়। তারা ধর্মঘট পালন করার জন্যে ছাত্রদের আহবান জানিয়ে ধর্মঘটের পক্ষে শ্লোগান দেয়। ঐ সময় সিটি কলেজের ছাত্রলীগ সমর্থিত ছাত্ররা ঢাকা কলেজের ছাত্রদের ধাওয়া করে। ধাওয়ার মুখে ঢাকা কলেজের ছাত্ররা ফিরে যায়। পরে প্রায় দেড় হাজার ছাত্র ঢাকা কলেজ থেকে সিটি কলেজ অভিমুখে রওয়ানা হয়। ঐ সময় সিটি কলেজেরও প্রায় দেড় হাজার ছাত্র প্রতিরোধের জন্যে প্রস্তুতি নেয়। এক পর্যায়ে দু'টি কলেজের দু'দল ছাত্র মুখোমুখি হলে সংঘর্ষ শুরু হয়। বোমা, ফাঁকা গুলী, লাঠিসোঁটা নিয়ে ধাওয়া, পাল্টা ধাওয়ার ঘটনা চলতে থাকে প্রায় ১ ঘন্টা। পুলিশ ঐ সময় পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্যে এগিয়ে এলে ছাত্ররা পুলিশের উপরও ইট–পাটকেল ছুঁড়তে থাকে। নিউ মার্কেট থেকে ধানমন্ডি ৪ নম্বর সড়ক পর্যন্ত রাস্তায় ঐ সময় সংঘর্ষ আর ধাওয়া পাল্টা ধাওয়া চলতে থাকে। পরিস্থিতি খারাপ দেখে ঐ সড়কে যানবাহন চলাচল বন্ধ করে দেয়া হয়। বেলা ১২ টার দিকে দাঙ্গা পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। তারপরও দু'টি কলেজে ছাত্রদের মধ্যে উত্তেজনা অব্যাহত থাকে।

সূত্র জানায়, সংঘর্ষে লাঠি ও ইট–পাটকেলের আঘাতে নিরীহ পথচারী, পুলিশসহ প্রায় ৫০ জন আহত হয়েছে। এদের ৪০ জনই দু'টি কলেজের ছাত্র। এরমধ্যে ৪ জন ছাত্র ও ১ জন পুলিশসহ ৮ জনকে হাসপাতাল ও ক্লিনিকে ভর্তি করা হয়েছে। অন্যান্যদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়।

### বরিশালে সংঘর্ষ

আমাদের বরিশাল সংবাদদাতা জানান, গতকাল শনিবার বরিশাল শহরে ২২ দলীয় ছাত্র সংগঠন ও ছাত্র শিবিরের মধে সংঘর্ষে ১৩জন আহত হয়েছে বিক্ষুব্ধ ছাত্র–জনতা ছাত্র শিবিরের অফিসে হামলা চালিয়েছে। এদিকে পুলিশ এসব ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে ১৫ জনকে গ্রেফতার করেছে।

জানা গেছে, ছাত্র ধর্মঘট চলাকালীন সময়ে সকাল ও বিকেলে এই ছাত্র সংঘর্ষ ঘটে। ছাত্রদলের একটি খন্ড মিছিলে ছাত্র শিবিরের কর্মীরা হামলা চালানোর পর পরই সংঘর্ষ সারা শহর ছড়িয়ে পড়ে বলে ছাত্রদলের একজন নেতা বলেছেন। এ সময় বেশ কয়েকটি পটকা বিস্ফোরিত হয়। ধাওয়া, পাল্টা ধাওয়াচলে।

এদিকে বিকেলে গণজমায়েত শেষে ২২ দলীয় ছাত্র সংগঠনের কর্মীরা ছাত্র শিবিরের অফিসে হামলা চালিয়েছে বলে শিবির অভিযোগ করেছে। ছাত্র শিবির এক প্রেস বিজ্ঞপ্তিতে বলেছে, সংঘর্ষে তাদের ৩০ জন কর্মী আহত হয়।

দু'দলের সংঘর্ষে ২২ দলীয় ছাত্র সংগঠনের ৭ জন ও শিবিরের ৬ জন কর্মী আহত হয়েছে। পুলিশ ২২ দলীয় ছাত্র সংগঠনের ২ জন ও ছাত্র শিবিরের ১৩ জন কর্মীকে গ্রেফতার করেছে।